

পশ্চিমবঙ্গ সরকার
তমলুক মহকুমা শাসকের কার্যালয়
তমলুক :: পূর্ব মেদিনীপুর

স্মারক নং ৫২৭০/এম.টি

তারিখ ০৭.০৫.১৯

বিজ্ঞপ্তি

এতদ্বারা মহকুমা শাসক, তমলুক ও চেয়ারম্যান, মেচাদা কেন্দ্রীয় বাস স্ট্যান্ড কমিটির পক্ষ হইতে মেচাদা কেন্দ্রীয় বাস স্ট্যান্ডে প্রবেশকারী সমস্ত ধরনের বাহনগুলি থেকে নির্দিষ্ট হারে স্ট্যান্ড ফিজ সংগ্রহের জন্য ইজারা দেওয়ার উদ্দেশ্যে দরপত্র আহ্বান করা হইতেছে। ইচ্ছুক দরপত্র দাতাগনকে; দরপত্র নিম্ন স্বাক্ষরকারির অফিসে / পক্ষে রাখিত বক্সে সিলকরা খামে ৩০.০৮.২০১৯ তারিখে বেলা ২(দুই) টার মধ্যে জমা দিতে হইবে। ইচ্ছুক দরপত্র দাতাগন ঐ দিন দরপত্র খোলার সময় হাজির থাকিতে পারিবেন। নিম্নলিখিত শর্তের ভিত্তিতে ইজারা দেওয়া হইবে।

ক) ১ (এক) বৎসরের জন্য ইজারা দেওয়া হইবে।

খ) বাৎসরিক চুক্তির ভিত্তিতে ইজারা দরপত্র প্রদান করিতে হইবে।

গ) দরপত্রের সাথে ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা মূল্যের ব্যাঙ্ক ড্রাফট MECHADA CENTRAL BAS STAND REGIONAL TRANSPORT OFFICER(MVD) অনুকূলে আর্নেস্ট মানি হিসাবে এবং বিক্রয় কর, আয়কর, প্যান কার্ড ও প্রফেশানাল কর-এর বর্তমান সময়(২০১৮-২০১৯) পর্যন্ত পরিশোধের সার্টিফিকেট জমা দিতে হইবে।

ঘ) অনুমোদিত ইজারা প্রাপক নিম্নলিখিত হারে বাহনগুলি থেকে দিনে একবার স্ট্যান্ড ফিজ সংগ্রহ করিতে পারিবে।

১) প্রতি বাস - ১৬.০০ টাকা।

২) প্রতি ট্যাক্সি- ১০.০০ টাকা।

৩) প্রতি ট্রেকার - ১০.০০ টাকা।

৪) প্রতি পানের গাড়ী - ২৫.০০ টাকা।

৫) প্রতি মাছের গাড়ী - ১০০.০০ টাকা।

৬) নাইট হন্টের জন্য প্রতি বাহনের ক্ষেত্রে সম পরিমান টাকা লাগবে।

ঙ) সংরক্ষিত ইজারার অর্থের পরিমান ন্যূনতম ১৩,৩৮,৬৬৪(তের লক্ষ আটত্রিশ হাজার ছয়শত চৌষট্টি) টাকা মাত্র প্রতি বৎসর।

চ) অনুমোদিত দরপত্র দাতাকে অনুমোদন পত্র পাইবার পূর্বে এক লক্ষ টাকা সিকিউরিটি মানি হিসাবে জমা দিতে হইবে।

ছ) বাৎসরিক লিজ অর্থের টাকা অনুমোদিত দরপত্র পাইবার ৭(সাত) দিনের মধ্যে জমা দিতে হইবে।

জ) সম দরপত্রের ক্ষেত্রে রেজিষ্টার্ড কো-অপারেটিভ সোসাইটি অগ্রাধিকার পাইবে।

ঝ) উপরিউক্ত শর্তাবলী লঙ্ঘিত হইলে ৭(সাত) দিনের নোটিশে চুক্তি বাতিল করিবার অধিকার কর্তৃপক্ষের থাকিবে।

ঞ) ইহা ছাড়া অন্যান্য সকল সরকারী নিয়মাবলী মানিয়া চলিতে অনুমোদিত ইজারাদার বাধ্য থাকিবে।

ট) আরো কিছু বিশদ জানার থাকিলে নিম্ন স্বাক্ষর কারীর করণে যোগাযোগ করা যেতে পারে।

ঠ) কোন প্রকার কারণ না দর্শিয়ে সমূহ দরপত্র বাতিল বা সর্বউচ্চ দরপত্র অনুমোদন না করিবার অধিকার নিম্ন স্বাক্ষর কারীর থাকিবে।

ড) ইজারা প্রাপকের কোন ব্যক্তি যদি কোন অ-সামাজিক কাজের সঙ্গে যুক্ত থাকে এবং তা প্রমানিত হয়, ইজারা প্রাপককে সমূহ দায় দায়িত্ব বহন করতে হবে।



মহকুমা শাসক, তমলুক

ও

চেয়ারম্যান

মেচাদা কেন্দ্রীয় বাস স্ট্যান্ড কমিটি,
মেচাদা, পূর্ব মেদিনীপুর।